দৈনিক ইনকিলাব

তারিখ ... 2.2 .0F... 199[illegible]... ...
পৃঃ ৭ কলাম ... ৫....

## শিক্ষামন্ত্রীর কাছে আকুল আবেদন

১৯৯৮ সালের এসএসসি পরীক্ষায় যে সকল ছাত্র-ছাত্রী এক বিষয়ে ফেল করেছে এবং যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ আছে শুধু তারাই এক বিষয়ে পরীক্ষা দিয়ে পাস করলে এসএসসি পাস সনদ পাবে। কিন্তু যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গিয়েছে অথচ এক বিষয়ে ফেল করেছে তারা ১৯৯৯ সনের এসএসসি পরীক্ষায় ফেল করা বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। যার ফলশ্রুতিতে আমার মত শত শত ছাত্র-ছাত্রীর জীবন থেকে লেখাপড়ার সুযোগ নষ্ট হয়ে যাবে। অবস্থাধীনে প্রার্থনা যে, রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ ১৯৯৮ সনের এসএসসি পরীক্ষায় এক বিষয়ে ফেল করা ছাত্র-ছাত্রীকে ১৯৯৯ সনের এসএসসি পরীক্ষায় এক বিষয়ে পরীক্ষা দেয়ার সুযোগদানের ব্যবস্থা করতে মাননীয় শিক্ষামন্ত্রীর আশু পদক্ষেপ কামনা করছি।

—মমতাজ বেগম, গ্রাম- গদাধর, ডাক- বীরশ্রী, সিলেট।